চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০৪/২০১৮ তারিখ: ১৩-১১-২০১৮

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১। সহযোগী অধ্যাপক	-	লোকপ্রশাসন বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
২। সহযোগী অধ্যাপক	-	গণিত বিভাগ	- ০৩(তিন) টি স্থায়ী;
৩। সহযোগী অধ্যাপক	-	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
৪। সহকারী অধ্যাপক	-	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ	- ০৩(তিন) টি স্থায়ী;
৫। সহকারী অধ্যাপক	-	ইসলামিক স্টাডিজ বিভাগ	- ০২(দুই) টি স্থায়ী;
৬। সহকারী অধ্যাপক	-	বাংলা বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
৭। সহকারী অধ্যাপক/প্রভাষক	-	বাংলা বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
৮। প্রভাষক	-	বাংলা বিভাগ	- ০১(এক) টি স্থায়ী;
৯। প্রভাষক	-	ইতিহাস বিভাগ	- ০৪(চার)টি স্থায়ী;
(একটির মূল পদ সহকারী অধ্যাপক/প্রভাষক ও তিনটির মূল পদ প্রভাষক)			
১০। সহকারী অধ্যাপক	-	চারুকলা ইনস্টিটিউট	- ০১(এক) টি স্থায়ী;
১১। প্রভাষক	-	চারুকলা ইনস্টিটিউট	- ০৩(তিন) টি স্থায়ী;
(দুইটি এপ্লাইড আর্ট বিষয় ও একটি শিল্পকলার ইতিহাস/এপ্লাইড আর্ট বিষয়)			
১২। প্রভাষক	-	ইংরেজি বিভাগ	- ০৩(তিন) টি স্থায়ী;
১৩। প্রভাষক (শিক্ষা)	-	ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ	- ০৩(তিন) টি অস্থায়ী;
(একটির মূল পদ সহকারী অধ্যাপক ও দুইটির মূল পদ প্রভাষক)			
১৪। প্রভাষক	-	ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগ	- ০৪(চার) টি স্থায়ী;
১৫। প্রভাষক	-	মার্কেটিং বিভাগ	- ০২(দুই) টি স্থায়ী।
(সহকারী অধ্যাপক/প্রভাষক পদের বিপরীতে)			

বেতন স্কেল :

১। সহযোগী অধ্যাপক : জাতীয় বেতন স্কেলের ৪র্থ গ্রেড;
২। সহকারী অধ্যাপক : জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড;
৩। প্রভাষক : জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:

১। সহযোগী অধ্যাপক:

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই

(ক) উচ্চতর ডিগ্রি যেমন পি-এইচ.ডি. অথবা এম.ফিল. অথবা এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে একটি দ্বিতীয় মাস্টার্স ডিগ্রি অথবা সম্মানসহ দ্বিতীয় ব্যাচেলর ডিগ্রি থাকতে হবে।

(খ) ন্যূনতম ৮(আট) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে কোনো বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫(পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

(গ) সহকারী অধ্যাপক থাকাকালীন স্বীকৃত মানের গবেষণা জার্নালে প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত ন্যূনতম ৩(তিন)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে ১(এক)টি গবেষণা প্রকাশনা প্রকাশিত হতে হবে এবং প্রার্থী অন্তত: ১(এক)টি গবেষণা প্রকাশনার প্রধান লেখক (Principal Author) হতে হবে।

(ঘ) উচ্চমানের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা জার্নালে প্রকাশনা থাকলে 'গ' এ বর্ণিত শর্ত শিথিল করা যেতে পারে।

২। সহকারী অধ্যাপক:

(ক) এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক পদের যোগ্যতা:

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই স্নাতক সম্মান কোর্সসহ প্রথম শ্রেণির মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক সম্মান ডিগ্রিতে প্রথম শ্রেণিসহ মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক পাশ ডিগ্রিতে প্রথম বিভাগসহ প্রথম শ্রেণির মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

চলমান-২

এম.ফিল. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ১(এক) বছরসহ ন্যূনতম ২(দুই)বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পি-এইচ.ডি./ডি.এস-সি./ডি.লিট. ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ন্যূনতম ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

(খ) **সম্পূর্ণ নতুনভাবে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় প্রযোজ্য যোগ্যতা:**
সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের বেলায় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিভাগে সম্পূর্ণ নতুনভাবে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার অনুরূপ (নিম্নে বর্ণিত যোগ্যতার অনুরূপ) হবে। তাছাড়া ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোন সরকারি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

২। প্রভাষক:

(ক) এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত প্রভাষকগণ স্ব স্ব বিভাগে স্থায়ী ভিত্তিতে নিয়োগের লাভের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের সময় যে শিক্ষাগত যোগ্যতা দিয়ে বিজ্ঞাপিত হয়েছিল সে শিক্ষাগত যোগ্যতাই স্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের যোগ্যতা হিসেবে গণ্য হবে । অর্থাৎ কর্মরত শিক্ষকদের বেলায় পূর্বের শিক্ষাগত যোগ্যতা বহাল থাকবে।

(খ) **মার্কেটিং বিভাগ ও ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগ-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**
পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেনিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার জি.পি.এ.-এর যোগফল ৯.০০ এবং সংশ্লিষ্ট বিষয়ে বি.বি.এ (অনার্স) ও এম.বি.এ. ডিগ্রির প্রত্যেকটিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৭৫ থাকতে হবে।

(গ) **ইতিহাস বিভাগ ও ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্চ-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**
পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোন ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উর্ত্তীণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৪০ থাকতে হবে।

(ঘ) **বাংলা বিভাগ ও ইংরেজি বিভাগ-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**
পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে ন্যূনতম ৫৫% মার্কস ও অন্যটিতে ন্যূনতম ৫০% মার্কসসহ দ্বিতীয় শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে এবং বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে উভয়টিতে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. ৩.৩০ থাকতে হবে।

চলমান-৩

(ঙ) **চারুকলা ইনস্টিটিউট-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**
পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণিসহ শিক্ষা জীবনের যে কোন দুইটি স্তরে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। তবে বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি থাকলে প্রার্থিতা বিবেচিত হবে না।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রত্যেকটিতে আলাদা আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ অথবা উক্ত দু'টি পরীক্ষার মোট জি.পি.এ. ন্যূনতম ৭.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৩০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি একটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৪০ ও অন্যটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৩০ থাকতে হবে।

প্রত্যেক বিভাগ/ইনস্টিটিউট-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের বেলায় প্রার্থীর দ্বিতীয় মাস্টার্স/এম.ফিল/পি-এইচ.ডি.ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে যে কোনো একটি পর্যায়ে (এস.এস.সি./এইচ.এস.সি./অনার্স/ মাস্টার্স) গ্রেডিং পদ্ধতিতে জি.পি.এ./সি.জি.পি.এ. ০.২৫ এবং শ্রেণি পদ্ধতিতে ৫% মার্কস শিথিল করা যাবে।

নিয়ম অনুযায়ী নিয়োগের শর্তাদি পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত আছে। এ ক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে **'মুক্তিযোদ্ধা কোটা'** উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. (Link: Notice Board- Employment/Recruitment- CU Teacher Recruitment) হতে Download করে আবেদনপত্র ও প্রকাশনার নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে ও সংশ্লিষ্ট সনদপত্রাদিসহ সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬(ছয়) সেট দরখাস্ত আগামী ০৬/১২/২০১৮ এবং সহযোগী অধ্যাপক পদের জন্য ১০(দশ) সেট দরখাস্ত আগামী ২০/১২/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সকাল ৮:০০ টা থেকে বেলা ৩:৩০ মিনিট পর্যন্ত মিনিট পর্যন্ত গৃহীত হবে।

অগ্রণী /জনতা ব্যাংক লিঃ-এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার হতে হবে),প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীট/ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এবং সংশ্লিষ্ট কাগজপত্র ফেরৎ যোগ্য নয়।

প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পান্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোনো দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্তের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

(কে.এম.নুর আহমদ) ১৩/১১/১৮
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ-৭২৬৩১১-১৪, এক্স-৪২০১.

১৩/১১/২০১৮